# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/ ৪২৩ তারিখ : ১৮-০৮-২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রসঙ্গে।

সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং : ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪.৫১৮, তারিখ : ০১-০৯-২০২৪ খ্রি.

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং : ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩২৯২, তারিখ : ২৩-১০-২০২৩ খ্রি.

৩। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকার পত্র নং : ৩৭.০৬.০০০০.৪০২.০৬৮.০২.৩৬, তারিখ : ০২-১০-২০২৪ খ্রি.

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে অবগত করা যাচ্ছে
প্রয়োজন হবে না। ৯ম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর তথ্য অনলাইনে আপলোড করতে হবে। অনলাইনে আপলোডকৃত তথ্য না থাকলে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

২। ৯ম শ্রেণিতে অধ্যয়নরত ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস ১৬ ক্রমিকে উল্লিখিত সময়ে জমা দিতে হবে। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার তথ্য অনলাইনের মেন্যুতে বর্ণিত নিয়ম অনুযায়ী দাখিল করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার জমাদানকারীর অংশ সংরক্ষণ করতে হবে।

৩। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করতে হবে এবং কমিটি আপলোডকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষরসহ প্রধান শিক্ষকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

৪। রেজিস্ট্রেশন কার্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থীদের বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) এবং বিষয় সম্পর্কে অবগত করাবেন। পরবর্তীতে শিক্ষার্থীরা তাদের অভিভাবকদের সাথে আলাপ করে কোন বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) নেবে তা নিশ্চত হতে হবে। এরপর সংশ্লিষ্ট বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষার্থীরা প্রধান শিক্ষক বরাবর লিখিতভাবে আবেদন করবে। উক্ত আবেদনে উল্লিখিত বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।
উল্লেখ্য, শিক্ষার্থীদের ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল বিবেচনা করে গ্রুপ বিভাজন করা যেতে পারে।

৫। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদেরকে নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠানে নিবন্ধনের কাজ করা যাবে না।

৬। শিক্ষার্থীদের তথ্য আপলোডকৃত হার্ডকপি (প্রিন্ট কপি) এর সাথে পরবর্তীতে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশোধন করতে হবে। প্রয়োজনে সংরক্ষণের জন্য প্রধান শিক্ষকের স্বাক্ষরিত নিবন্ধনের তথ্য কপি (প্রিন্ট কপি) বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

৭। ১লা মার্চ ২০২৬ খ্রি. তারিখে ৯ম শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য নিবন্ধনের জন্য প্রদান করতে হবে। নিবন্ধনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশত কোন শিক্ষার্থী নিবন্ধন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৮। জেলা/উপজেলা বয়েজ স্কাউট/গার্লস গাইড ফিস বকেয়াসহ (যদি থাকে) পরিশোধ করে রশিদ দাখিল করতে হবে।

৯। শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোনক্রমেই আদায় করা যাবে না।

(ক) ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের (এসএসসি ২০২৮) অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধনের নিয়মাবলি নিম্নরুপ:

* যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jashoreboard.gov.bd) ভিজিট করুন।
* বামপাশে Our Service থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
* প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
* বামপাশের মেন্যুবার থেকে Registration >SSC (২০২৬-২০২৭) মেন্যুতে ক্লিক করুন।
* ছাত্র-ছাত্রী এন্ট্রি করে ফি জমা দিয়ে Final Submit করে নিবন্ধন সম্পূর্ণ করুন।

১০। নিবন্ধনের সময় লক্ষ্য রাখতে হবে যে, কোন শিক্ষার্থীর বয়স পরীক্ষা বর্ষে ০১ জানুয়ারিতে অবশ্যই ন্যূনতম ১৪ বছর ০১ (এক) দিন এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ২০ বছর।

চলমান পাতা

১১। বিদ্যালয়ে চতুর্থ বিষয়সমূহের ও বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখার স্থায়ী অনুমতি না থাকলে প্রতি বিষয়ের জন্য ২০০০/- (দুই হাজার) টাকা ও প্রতি শাখার জন্য ৩০০০/- (তিন হাজার ) টাকা বিশেষ অনুমতি ফিস সোনালী সেবার মাধ্যাম সচিবের অনুকূলে জমা দিতে হবে। উল্লেখ্য উক্ত বিষয় ও শাখাসমূহ পাঠদানের জন্য উপযুক্ত শিক্ষক, শিক্ষা সরঞ্জাম ও অবকাঠামো থাকতে হবে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিশেষ অনুমতির আবেদনপূর্বক বোর্ডের অনুমতি গ্রহণ করবেন, অন্যথায় ঐ সকল শাখা/বিষয়ের শিক্ষার্থীদের তথ্য অনলাইনে প্রেরণ করা যাবে না।
বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত মোবাইল নম্বরগুলো হতে সহায়তা পাওয়া যাবে।
মোবাইল নম্বর : ০১৭১১-২৭১৪৯৭, ০১৭৩৪-২১৩২৯১, ০১৭১২-৯৬৪০৫২, ০১৭১৫-৮৫১১৪৫ ও ০১৭৩১-৪৫৪৪০৯

১২। ক) ৯ম শ্রেণির শিক্ষার্থীদের ফিসের হার (শিক্ষার্থী প্রতি)

| ক্রমিক | ফিসের প্রকার | টাকা (শিক্ষার্থী প্রতি) |
|---|---|---|
| ০১। | নিবন্ধন ফিস | ১০০/- |
| ০২। | ক্রীড়া ফিস | ৫০/- |
| ০৩। | বয়েজ স্কাউট | ২৫/- |
| ০৪। | গার্লস গাইড ফিস | ১৫/- |
| ০৫। | বিজ্ঞান ও প্রযুক্তি | ০৫/- |
| ০৬। | রেড ক্রিসেন্ট ফিস | ১৬/- |
| ০৭। | বিএনসিসি | ০৫/- |

শিক্ষার্থী প্রতি মোট ফিস টাকা = ২১৬/- (দুইশত ষোল টাকা মাত্র)।

খ) শিক্ষার্থী প্রতি বিলম্ব নিবন্ধন ফিস ৫০/- (পঞ্চাশ ) টাকা।

গ) শি. ম-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬. তারিখ ১৭/১২/২০২০ স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী রেড ক্রিসেন্ট ফিস বাবদ শিক্ষার্থী প্রতি ২০/- (বিশ) টাকার স্থলে ৪০/- (চল্লিশ) টাকা হারে বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

ঘ) শিক্ষার্থী প্রতি রেড ক্রিসেন্ট ফিস ৪০/- (চল্লিশ) টাকা হারে আদায় করে আদায়কৃত অর্থের ৬০% সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০% শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

ঙ) অন্যান্য ফিসের হার (প্রতিষ্ঠান প্রতি)

| ক্রমিক | ফিসের প্রকার | টাকা (প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|
| ০১। | পাঠ্যসূচি ও মান বণ্টন ফিস | ৫১/- |
| ০২। | বার্ষিক ক্রীড়া অধিভুক্তি ফিস | ৩০০/- |
| ০৩। | বার্ষিক বয়েজ স্কাউট/গার্লস গাইড অধিভুক্তি ফিস | ২০/- |

বিদ্যালয় প্রতি মোট ফিস : ৩৭১/- (তিন শত একাত্তর টাকা মাত্র)।

১৬। জমা দানের সময়সূচি

| বিবরণ | তারিখ |
|---|---|
| বিলম্ব ফিস ব্যতীত নিবন্ধন জমা দেওয়ার সময়সীমা | ১৮-০৮-২০২৬ খ্রি. হতে ১৮-০৯-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |
| বিলম্ব ফিস ব্যতীত সোনালী সেবার টাকা জমা দেওয়ার সময়সীমা | ১৮-০৮-২০২৬ খ্রি. হতে ১৮-০৯-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |
| বিলম্ব ফিস সহ নিবন্ধন জমা দেওয়ার সময়সীমা | ১৯-০৯-২০২৬ খ্রি. হতে ১৯-১০-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |
| বিলম্ব ফিস সহ সোনালী সেবার টাকা জমা দেওয়ার সময়সীমা | ১৯-০৯-২০২৬ খ্রি. হতে ১৯-১০-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
মু: এনামুল কবীর
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

**স্মারক সংখ্যা–বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/ ৪২৩** **তারিখ : ১৭-০৮-২০২৬ খ্রি.**

**অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
৮। সংরক্ষণ নথি।

১৭.৮.২৬

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭২৮